মোঃ জাকির হোসাইন
উপ-পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.১৯৮

তারিখ: ১৯ চৈত্র ১৪২৯
০২ এপ্রিল ২০২৩

বিষয়: **মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলাধীন নওয়াবাজার আহমদিয়া ফাযিল মাদ্রাসার সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) জনাব মো: মনসুরুর (S2023476) এর বেতন কোড/বেতন স্কেল ১০ এর স্থলে ০৯ সংশোধন/সংযোজন প্রসঙ্গে।**

সূত্র: (১) প্রতিকার প্রার্থীর আবেদন, তারিখ: ১৯/০৬/২২; ডকেট-৮০৩০; তারিখ: ২৭/০৬/২২
(২) বর্ণিত মাদ্রাসার স্মারক নং-ন/মা/৩৬/২০২২; তারিখ: ২৬/০৬/২০২২
(৩) DEO, মৌলভীবাজার, স্মারক নং-জেশিঅ/মৌল/২০২২/৩৬৩; তারিখ: ১৪/০৬/২২
(৪) তদন্ত প্রতিবেদনের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.১২.০৩৮.২১-৪০৯; তারিখ: ০২/০২/২০২২

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলাধীন নওয়াবাজার আহমদিয়া ফাযিল মাদ্রাসার সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) জনাব মো: মনসুরুর (S2023476) এর বেতন কোড/বেতন স্কেল ১০ এর স্থলে ০৯ সংশোধন/সংযোজনের আবেদন অধ্যক্ষ ও জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার,কর্তৃক সুত্রোস্থ ২নং ও ৩নং স্মারকে অত্র অধিদপ্তরে অগ্রায়ন করা হয় (সংযুক্ত)।

২। অগ্রায়ন পত্র এবং আবেদনের সাথে সংযুক্ত ডকুমেন্টস পর্যালোচনা করে দেখা যায় যে, জনাব মো: মনসুরুর (S2023476) এর বেতন কোড ১০ । তিনি এনটিআরসিএ কর্তৃক নিয়োগ প্রাপ্ত হয়ে বিগত ০১/০২/২০২২ তারিখে অত্র প্রতিষ্ঠানে যোগদান করেন। তিনি ০১/০৩/২০২২ ইং তারিখে বেতন কোড ১০ এ এমপিওভুক্ত হন। উল্লেখ্য যে তিনি পূর্ব প্রতিষ্ঠান হযরত শাহখাকী (র:) ইসলামিয়া আলিম মাদ্রাসায় একই পদে ১৮/০৮/২০০৯ সালে সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) হিসেবে যোগদান করেন এবং ০১/০১/২০১০ সালে ১০ কোডে প্রথম এমপিওভুক্ত হন। ১০ বছর পূর্ন হওয়ায় এপ্রিল/২০২১ তারিখে ৯ম গ্রেডে উচ্চতর স্কেল প্রাপ্ত হন। কিন্তু এনটিআরসিএ এর ৩য় গনবিজ্ঞপ্তিতে নিয়োগ প্রাপ্ত হয়ে মেমিস সফটওয়্যারে এমপিও প্রাপ্তির নিমিত্ত বদলী/পুন:নিয়োগ অপশনে আবেদন করায় সময় প্রত্যাশিত বেতন কোড ০৯ না থাকায় ১০ কোডে আবেদন করে এমপিওভুক্ত হয়। বর্ণিত সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) এর পূর্ব প্রতিষ্ঠানের সর্বশেষ এমপিওশীটে বেতনে কোড ০৯ ছিল। যেহেতু বর্ণিত মাদ্রাসার দাখিলকৃত বেতন বিল, এমপিও এবং ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী জনাব মনসুরুর ০৯ কোডে বেতন ভাতাদি পেয়েছেন। সেহেতু সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) জনাব মো: মনসুরুর (S2023476) এর ০৯ কোডে বেতন ভাতাদি প্রাপ্যতা আছে মর্মে প্রতীয়মান হয় বিধায়, জনাব মো: মনসুরুর (S2023476) এর বেতন কোড/বেতন স্কেল ১০ এর স্থলে ০৯ সংশোধন/সংযোজন জন্য সূত্রোস্থ ১নং স্মারকে আবেদন করেন।

৩। জনাব মো: মনসুরুর (S2023476) এর বেতন কোড ০৯ সংশোধন/সংযোজন বিষয়ে "জনাব মো: মনসুরুর, সুপার (S2023476) এর বেতন কোড/বেতন স্কেল ১০ এর স্থলে ০৯ সংশোধন/সংযোজন জন্য আবেদন পত্র ও প্রয়োজনীয় কাগজ-পত্র সুপারিশসহ প্রেরণ করা হলো" মর্মে জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার কর্তৃক সুত্রোস্থ ০৩ নং স্মারকে উল্লেখ করা হয়।

৪। পরবর্তীতে আনুষঙ্গিক ডকুমেন্টস যাচাই/তদন্তপূর্বক সুনির্দিষ্ট মতামত প্রমাণকসহ প্রতিবেদন প্রদানের জন্য জনাব মোহাম্মদ শামসুজ্জামান, উপপরিচালক (অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে দায়িত্ব প্রদান করা হলে তিনি নিম্নোক্ত রুপে মতামত প্রদান করেনঃ

উপর্যুক্ত পর্যালোচনা/তথ্য বিশ্লেষণ ও কাগজপত্র যাচাই করে এই মর্মে সুপারিশ/মতামত প্রদান করা যায় যে, মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলাধীন নওয়াবাজার আহমদিয়া ফাযিল মাদ্রাসার সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) জনাব মো: মনসুরুর (S2023476) এর বেতন কোড ১০ এর স্থলে ০৯ সংযোজন করা যেতে পারে।

৫। প্রতিকার প্রার্থী প্রভাষক (বাংলা) জনাব মো: মনসুরুর (S2023476) এর আবেদন অনুযায়ী তাঁর বেতন কোড সংক্রান্ত তথ্য নিম্নরূপঃ

| নাম, পদবী, ইনডেক্স ও মাদ্রাসার নাম ও ঠিকানা | এমপিওশীটে বিদ্যমান বেতন কোড | আবেদনকারীর চাহিত বেতন কোড | মন্তব্য |
|---|---|---|---|
| জনাব মো: মনসুরুর (S2023476), সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা), নওয়াবাজার আহমদিয়া ফাযিল মাদ্রাসা, জুড়ী, মৌলভীবাজার। | 10 | 09 | নওয়াবাজার আহমদিয়া ফাযিল মাদ্রাসার এমপিওশীটে সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা), এর বেতন কোড ০৯ সংযোজন যোগ্য। |

৬। এমতাবস্থায়, অধ্যক্ষ/প্রতিকার প্রার্থীর আবেদন এবং জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার সুপারিশ এবং তদন্ত কর্মকর্তার সুপারিশ,

এনটিআরসিএ'র সুপারিশ, নিয়োগ পত্র, যোগদান পত্রসহ নিয়োগ সংক্রান্ত সকল কাগজ-পত্র, একাডেমিক সনদ, এমপিও আবেদন যাচাই-বাছাই কর্মকর্তাদের অনুমোদনমোতাবেক, মৌলভীবাজার জেলার জুড়ী উপজেলাধীন নওয়াবাজার আহমদিয়া ফাযিল মাদ্রাসার সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা), জনাব মো: মনসুরুর (S2023476) এর বেতন কোড ০৯ নিম্নোক্ত শর্তে সংযোজন করার জন্যঅনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনা মতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বাস্তবায়ন প্রতিবেদন (compliance report) দাখিল করা জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান, সংশ্লিষ্ট তদন্তকারী কর্মকর্তাগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষকসরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

৪। প্রতিকার প্রার্থী (S2023476) কোন প্রকার বকেয়া দাবি করতে পারবে না।

সংযুক্তি: বর্ণনামতে (১৩) ফর্দ।

২-৪-২০২৩
হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,
মেমিস, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.৩৯.০০১.২১.১৯৮/১(৫)

তারিখ: ১৯ চৈত্র ১৪২৯
০২ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সিনিয়র সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।

২) উপ-পরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) জেলা শিক্ষা অফিসার, মৌলভীবাজার।

৪) অধ্যক্ষ, নওয়াবাজার আহমদিয়া ফাযিল মাদ্রাসা, জুড়ী, মৌলভীবাজার।

৫) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

২-৪-২০২৩
মো:শাহীনুর ইসলাম
সহকারী পরিচালক ও প্রতিকল্প কর্মকর্তা (সর: ও সিনি: মাদ্রাসা)